



## প্রেস রিলিজ

৩০ জুন ২০২২

### সৌদি আরবে বাউবি'র বিএ/বিএসএস প্রোগ্রাম চালু করা হবে

উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

সৌদি আরবে প্রবাসীদের জন্য খুব শীঘ্রই বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) পরিচালিত বিএ/বিএসএস প্রোগ্রাম চালু করা হবে। বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার ২৯ জুন ২০২২ বুধবার বিকেলে সৌদি আরবে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের সাথে বাউবি'র নিশ-২ প্রোগ্রামের কার্যক্রম সম্পর্কে ভার্সুয়ালি মতবিনিময় কালে এ কথা বলেন। তিনি আরও বলেন প্রবাসী বাংলাদেশী রেমিটেন্স যোদ্ধারা বাউবি'র মাধ্যমে শিক্ষা লাভকরে যাতে সেখানে আত্মরক্ষা নিয়ে বাঁচতে পারে এবং পারিবারিক ও সামাজিক ভাবে উন্নত জীবন যাপন করতে পারে এজন্য বাউবি দেশের বাইরে শিক্ষা প্রোগ্রাম চালু করেছে। রেমিটেন্স যোদ্ধাদের বাউবি'র শিক্ষায় দক্ষ করে দেশের জিডিপি বৃদ্ধি করা সম্ভব। রেমিটেন্স যোদ্ধাদের বিদেশে যাওয়ার পূর্বে যদি প্রয়োজনীয় শর্টকোর্স বা প্রশিক্ষণ দিয়ে দেয়া যায় তাহলে তারা সেখানে গিয়ে সমস্যায় পরবে না। সেখানে যাতে তারা টিকে থাকতে পারে সেভাবেই তাদের মানসিকভাবে তৈরি করতে হবে। তিনি আরো বলেন, বিশ্ব বাজারে আমাদের শ্রীলংকা, ফিলিপিন এবং কেরালার মত দক্ষ জনশক্তি সৃষ্টি করতে হবে। এজন্য উপযুক্ত প্রযুক্তি ও পেশাভিত্তিক কর্মবান্ধব শিক্ষা প্রোগ্রাম চালু করতে হবে। উপাচার্য প্রবাসে বাংলাদেশের শ্রমবাজার ধরে রাখার জন্য নীডবেইজ প্রোগ্রাম চালুর কথা উল্লেখ করেন। তিনি বলেন বঙ্গবন্ধুর সোনারবাংলা গড়তে মাননীয় প্রধানমন্ত্রীর রূপকল্প ২০৪১ বাস্তবায়নে শিক্ষার হার শতভাগে আনতে হবে। রেমিটেন্স যোদ্ধারা সারা দিনে কাজের ক্লান্তি এবং ব্যক্তিগত কাজ শেষে যে সময় পায় সেদিক বিবেচনা করে এনিমেটেডওয়েতে রিডিং মেটেরিয়াল থেকে ভিডিওকনটেন্ট এর মাধ্যমে কোর্স ও মডিউল তৈরির কথা ভাবছে বাউবি। সারাদিনের কাজের শেষে একটু শুয়ে বসে ভিডিও দেখে দেখে যাতে কম সময়ে বেসিক কনসেপ্ট তৈরি করে নিতে পারে। এতে হেলদি সোসাইটি তৈরি হবে। চতুর্থ শিল্প বিপ্লবের উপযোগী একটি শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার জন্য বাউবি-কে সম্পূর্ণ অটোমেশনের আওতায় আনার কথাও উল্লেখ করেন উপাচার্য।



মত বিনিময় করছেন বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এবং সৌদি আরবে বাংলাদেশ দূতাবাসে মান্যবর রত্নদূত ড. মো: জাবেদ পাটোয়ারী বিপিএম (বার)

মতবিনিময় কালে সৌদি আরবে বাংলাদেশ দূতাবাসে মান্যবর রত্নদূত ড. মো: জাবেদ পাটোয়ারী বিপিএম (বার) বলেন বর্তমানে সৌদি আরবের দাম্মাম, রিয়াদ, মক্কা, মদিনা এই চারটি শহরে বাউবি'র শিক্ষা প্রোগ্রাম চালু রয়েছে। তিনি সৌদি আরবের অন্যান্য শহরেও বাউবি'র শিক্ষা প্রোগ্রাম চালুর জন্য উপাচার্যকে অনুরোধ করেন। এছাড়াও তিনি সৌদি আরবে বাউবি'র বিএ/বিএসএস প্রোগ্রাম চালুর দাবী জানান। অনুষ্ঠানে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের পক্ষে এসএসএইচএল এর ডিন অধ্যাপক ড. মো: জাহাঙ্গীর আলম, ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সাবিনা ইয়াসমিন, তথ্য ও গণসংযোগ বিভাগের ভারপ্রাপ্ত পরিচালক ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন, উপাচার্যের একান্ত সচিব ওয়াহিদুজ্জামান আহমেদ, বাউবি'র ইন্টারন্যাশনাল একাডেমিক প্রোগ্রাম উইং এর কো-অর্ডিনেটিং অফিসার মো: মাইনুল ইসলাম ও মো: আব্দুস সামাদ এবং সৌদি আরবে বাংলাদেশ দূতাবাসের পক্ষে মিশন উপ প্রধান আবুল হাসান মুধা, কাউন্সেলর (ইকোনমিক) মুর্তুজা জুলকার নাস্টন নোমান, কাউন্সেলর (পলিটিক্যাল) হুমায়ুন কবির এবং প্রথম সচিব (প্রেস) মোহাম্মদ ফখরুল ইসলাম উপস্থিত ছিলেন। বাউবি'র পক্ষে অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বাউবি'র ইন্টারন্যাশনাল একাডেমিক প্রোগ্রাম উইং এর যুগ্ম পরিচালক সঙ্গীতা মোরশেদ।

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)

বার্তা সম্পাদক